মাজপাড়া ইউপি‘র নব নির্বাচিত চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা

আটঘরিয়া প্রতিনিধি: আটঘরিযা
উপজেলার পারখিদিরপুর মাধ্যমিক
বিদ্যালয়ের পক্ষ হতে উপজেলার
মাজপাড়া ইউনিয়ন পরিষদের নব
নির্বাচিত চেয়ারম্যানকে অভিনন্দন
জানানো হয়েছে।

বুধবার (১১ মে) বিকেলে বিদ্যালয়ের শিক্ষক, কর্মচারী ও ম্যানেজিং কমিটির পক্ষ হতে মাজপাড়া ইউনিয়ন পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যান মোঃ আব্দুল গফুর মিয়াকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়।

এ সময় বিদ্যালয়ের সভাপতি কে, এম রইচ উদ্দিন রবি, সদস্য মোঃ ইন্তাজ আলী খান (সভাপতি, মাজপাড়া ইউনিয়ন আওয়ামী লীগ), আব্দুল জব্বার, হেনা বিশ্বাস, প্রধান শিক্ষক মোঃ আফতাব হোসেন, মোঃ মজিবর রহমান, মোঃ সোলায়মান হোসেন, মোঃ মনিরুজ্জামান খান, রেহানা পারভীন, মাহফুজা খানম, সুরভী ইয়াসমিনসহ অন্যান্য শিক্ষক কর্মচারী উপস্থিত ছিলেন।

প্রধান শিক্ষক মোঃ আফতাব হোসেন পারখিদিরপুর মাধ্যমিক বিদ্যালয়সহ ইউনিয়নের সকল শিক্ষা প্রতিষ্টানের ভৌত অবকাঠামোর উন্নয়নের জন্য নব নির্বাচিত চেয়ারম্যান মোঃ আঃ গফুর মিয়াকে অনুরোধ জানান।

নব নির্বাচিত চেয়ারম্যান মোঃ আঃ গফুর মিয়া শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের আশ্বাস দেন এবং ভিজিডি, ভিজিএফ, দরিদ্র মানুষের কার্ড, টিআর, কাবিখা’র অনিয়ম দূর্নিতী প্রতিরোধে সকলকে এগিয়ে আসার আহবান জানান।

উল্লেখ যে, তিনি ইতোপূর্বে ঐ ইউনিয়নের ২বার নির্বাচিত চেয়ারম্যান ছিলেন। এবারে তিনি বর্তমান চেয়ারম্যান ফারুক আহমেদ খানের থেকে (বিএনপি) ৩ হাজার ৫শ ৬৪ ভোটের ব্যবধানে বিজয়ী হন। তিনি আটঘরিয়া উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।